


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপ প্রকল্প পরিচালকের কার্যালয়
সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায়
“পল্লী ভবন” ৫, কাওরান বাজার, ঢাকা।

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় শীর্ষক প্রকল্পটি পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সরাসরি তত্ত্বাবধানে অত্র বিভাগের চারটি সংস্থা যথা: বিআরডিবি, সমবায় অধিদপ্তর, বার্ড-কুমিল্লা ও আরডিএ-বগুড়ার মাধ্যমে দেশের ৬৪টি জেলার ১৬২ টি উপজেলার ১০,০৩৫ টি গ্রামে বাস্তবায়িত হচ্ছে। তন্মধ্যে বিআরডিবি অংশের চিত্র নিম্নরূপ :

বিআরডিবিভুক্ত প্রকল্প এলাকা : ২০ টি জেলার ৪৬টি উপজেলার ২,৮৫০ টি গ্রাম।
প্রকল্পের মেয়াদ : জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত।
প্রকল্পের বরাদ্দকৃত অর্থের পরিমাণ : ৩০১০৫.০০ লক্ষ টাকা-তন্মধ্যে বিআরডিবি অংশের বরাদ্দ ৮৫৯৩.০৬ ও উৎস : লক্ষ টাকা (জিওবি)।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য :

- * গ্রাম ভিত্তিক একক সমবায় সংগঠনের আওতায় কমপক্ষে ১৮ বছর এবং তদুর্ধ্ব সকল পেশা ও শ্রেণীর জনগোষ্ঠীকে সংগঠিত করে তাদের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে দারিদ্র্য বিমোচন করা।
- * প্রতিটি সমিতির নিজস্ব প্রশিক্ষিত বিষয়ভিত্তিক গ্রাম উন্নয়ন কর্মী সৃজন এবং তাদের মাধ্যমে সরকারি সেবা দৃশ্যমানভাবে গ্রামে পৌঁছানো নিশ্চিত করা।
- * স্থানীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার, নিজস্ব পুঁজি বিনিয়োগ, প্রশিক্ষণ এবং সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় গ্রামকে উন্নয়নের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিষ্ঠা করা।


১২/১১/১৯
মোঃ মোস্তাফ হোসেন
উপ প্রকল্প পরিচালক
সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি ৩য় পর্যায়
বিআরডিবি, ঢাকা।